# ধর্ষণ মামলায় গ্রেফতার কন্টেন্ট ক্রিয়েটর রিপন মিয়া



কন্টেন্ট ক্রিয়েটর রিপন মিয়া। ছবি: সংগৃহীত

নেত্রকোণায় এক কিশোরীকে ধর্ষণের অভিযোগে দায়ের করা মামলায় আলোচিত কন্টেন্ট ক্রিয়েটর রিপন মিয়াকে গ্রেফতার করেছে র‍্যাব। বৃহস্পতিবার রাতে ময়মনসিংহের গৌরীপুর উপজেলার অচিন্তপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

র‍্যাব জানায়, মামলা হওয়ার পর থেকেই রিপন মিয়া আত্মগোপনে ছিলেন। গোপন তথ্যের ভিত্তিতে র‍্যাব-১৪ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। পরে প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে তাকে নেত্রকোণা সদর থানার কাছে হস্তান্তর করা হয়।

মামলার এজাহার অনুযায়ী, গত ৩০ জুলাই এক কিশোরীকে ধর্ষণের অভিযোগ ওঠে রিপন মিয়ার বিরুদ্ধে। ঘটনার সময় ভুক্তভোগীর চিৎকার শুনে আশপাশের লোকজন এগিয়ে এলে অভিযুক্ত সেখান থেকে পালিয়ে যান বলে অভিযোগ করা হয়েছে।

এ ঘটনায় ভুক্তভোগীর বাবা বাদী হয়ে নেত্রকোণা সদর থানায় মামলা দায়ের করেন। মামলার তদন্ত শেষে পরবর্তী আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

LENS ASIA